344

দৈনিক ইত্তেফাক

তারিখ .. DEC. 28 1999
পৃষ্ঠা: 2 কলাম: 6

# চট্টগ্রাম ভার্সিটিতে লাগাতার অবরোধ

চট্টগ্রাম অফিস ॥ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ভিন্ন ভিন্ন দাবীতে ছাত্রলীগ ও ছাত্র শিবিরের উদ্যোগে গতকাল সোমবার ক্যাম্পাসে অবরোধ কর্মসূচী পালিত হয়। অবরোধ কর্মসূচীর কারণে ক্যাম্পাস অভ্যন্তরে কোন যানবাহন চলাচল করিতে

(২য় পৃষ্ঠায় ১-এর কঃ দ্রঃ)

## লাগাতার অবরোধ

(প্রথম পৃষ্ঠার পর)

পারে নাই। অবরোধ কর্মসূচী চলাকালে ছাত্রলীগ কর্মীরা বিশ্ববিদ্যালয় ষ্টেশন এলাকায় এবং ছাত্র শিবির সোহরাওয়ার্দী মোড় হইতে ক্যাম্পাস এলাকায় অবস্থান নেয়। বিশ্ববিদ্যালয় ষ্টেশন চত্বরে মোহাম্মদ কলিমের সভাপতিত্বে অনুষ্ঠিত ছাত্রলীগের সমাবেশে বক্তব্য রাখেন মোহাম্মদ সেলিম, আলী মর্তুজা, শফিকুল ইসলাম, বেলাল নূরী প্রমুখ। ছাত্রলীগ নেতৃবৃন্দ অবিলম্বে গ্রেফতারকৃত ছাত্রলীগ নেতৃবৃন্দের মুক্তি ও মিথ্যা মামলা প্রত্যাহার এবং অবিলম্বে হলসমূহ খুলিয়া দেওয়ার দাবী জানান। ট্রান্সপোর্ট অফিসের সম্মুখে মোহাম্মদ হান্নানের সভাপতিত্বে অনুষ্ঠিত ছাত্র শিবিরের সমাবেশে বক্তব্য রাখেন শহীদুল হক, নূরুল মোস্তফা কাজী, মোজাম্মেল হক প্রমুখ। শিবির নেতৃবৃন্দ অবিলম্বে ১৯শে ডিসেম্বর দুই শিবির কর্মী হত্যাকারী ছাত্রলীগের সন্ত্রাসীদের গ্রেফতারের দাবী জানান।

এদিকে শিবির কর্মী রহিম উদ্দিন ও মাহমুদুল হাসান হত্যার প্রতিবাদে গতকাল বিকালে হাটহাজারী বাসস্ট্যান্ড এলাকায় এক ছাত্র সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে বক্তাগণ বলেন, এক সপ্তাহের মধ্যে বিশ্ববিদ্যালয়ের সন্ত্রাস সৃষ্টিকারী ছাত্রলীগের কর্মীদের গ্রেফতার করা না হইলে হাটহাজারীবাসী বিশ্ববিদ্যালয় ঘেরাও করিবে। শাহজাহান মুনিরের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন স্থানীয় সংসদ সদস্য সৈয়দ ওয়াহিদুল আলম, শাহজাহান চৌধুরী, মুজিবুর রহমান মঞ্জু, আবদুল হান্নান প্রমুখ।